এখনও নির্বাচনী প্রতীক চিহ্ন মেলেনি জেইউপি'র

প্রচারাভিযানে চিন্তার ভাঁজ হুমায়ুনের

নিজস্ব প্রতিবেদন, রেজিনগর: হুমায়ুন কবীরের নতুন দল জনতা উন্নয়ন পার্টি (জেইউপি) এখনও জাতীয় নির্বাচন কমিশনের কাছে নির্বাচনী প্রতীক চিহ্ন পায়নি। প্রতীক চিহ্ন ছাড়াই নিজের নামেই রেজিনগরে দেওয়াল লিখন শুরু করেছেন তৃণমূলের বহিষ্কৃত বিধায়ক হুমায়ুন। ৭০ রেজিনগর বিধানসভা এবং তার পাশের বেলডাঙা বিধানসভা দুটি কেন্দ্র থেকেই হুমায়ুন কবীর লড়ছেন বলে আগেই ঘোষণা করেছেন। সেইমতো দেওয়াল দখল শুরু করে দিয়েছেন তিনি। তবে রেজিনগর বিধানসভা নিয়ে চরম আত্মপ্রত্যয়ী হুমায়ুন অনুগামীরা। তাঁদের বক্তব্য, 'রেজিনগর আমাদের হোম গ্রাউন্ড। বাংলার মানুষের জেনে রাখা ভালো, রেজিনগরে আমরা ওয়াকওভার পেয়ে গিয়েছি।' রেজিনগরের তৃণমূল বিধায়ক রবিউল আলম চৌধুরী বলেন, 'স্বপ্নে পোলাও রাঁধলে, ঘি ঢালতে কেউ কার্পণ্য করবে না। যত পারে ঘি ঢালুক। সময় বলবে কে জিতবে।'

উল্লেখ্য, বাবরি মসজিদ নিয়ে রাজ্য জুড়ে ঝড় তুলেছিলেন হুমায়ুন কবীর। আইএসএফ, মিম, সিপিএম-সহ একাধিক দলের সঙ্গে জোট করে লড়ার কথা চলছে। জোট সঙ্গীদের জন্য ২৮ ডিসেম্বর আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত নেওয়ার শেষ সময়সীমা বেঁধে দিয়েছিলেন হুমায়ুন। মিমের সঙ্গে আসন সমঝোতা ইতিমধ্যে চূড়ান্ত হয়ে গিয়েছে। তবে আইএসএফ-সহ অন্য দলগুলির সঙ্গে আলোচনায় এখনও চূড়ান্ত সিদ্ধান্ত বেরিয়ে আসেনি। প্রথমে রাজ্যে ১৮৫টি আসনে লড়ার ঘোষণা করলেও, বাবরি মসজিদের শিলান্যাস মঞ্চ থেকে জোট সঙ্গীদের নিয়ে স্বদর্পে ২৯৪টি আসনে লড়ার ঘোষণা করেন। আপাতত হুমায়ুন ঝড় কিছুটা হলেও, থিতু হয়েছে বলে রাজনৈতিক মহলে কানাঘুষো চলছে। বাবরি মসজিদ সেন্টিমেন্টও আর আগের মতো কাজ করছে না। মানুষের আবেগে 'সুরসুরি' দিতে বহরমপুরে এসপি অফিস ঘেরাও, বেলডাঙা থানা ঘেরাও ঘোষণা করলেও, পরে দু'টি কর্মসূচি থেকেই পিছিয়ে আসেন। এমনকি বেলডাঙার মিছিল স্থগিত রাখেন। এর পিছনে প্রশাসনের হুমকি রয়েছে বলেও অনেকে মনে করছেন। পাশাপাশি হুমায়ুনের পালে হাওয়া কমছে বলেও অনেকের দাবি। এই পরিমন্ডলে বিধানসভা নির্বাচনে লড়ার প্রস্তুতি শুরু করে দিয়েছেন হুমায়ুন কবীর। বিধানসভা নির্বাচনের নির্ঘণ্ট প্রকাশ হতে কয়েক দিনের অপেক্ষা। মুর্শিদাবাদে শাসক দল, বিজেপি, কংগ্রেস ইতিমধ্যে দেওয়াল দখল শুরু করে দিয়েছে। পিছিয়ে রয়েছে বামেরা। এদিন হুমায়ুন কবীরও রেজিনগর থেকে দেওয়াল লিখন শুরু করে দিয়েছেন। অন্য রাজনৈতিক দলগুলো দেওয়াল লিখনে প্রতীক চিহ্ন দিয়ে প্রার্থীর নামের জায়গা ফাঁকা রাখছে। জেইউপির দেওয়াল প্রার্থীর নাম রয়েছে। কিন্তু প্রতীক চিহ্ন থাকছে না। কারণ, হুমায়ুন এখনও জেইউপির প্রতীক পাননি। জেইউপি সূত্রে খবর, নারকেল গাছ বা টেবিল জেইউপির প্রতীক হতে পারে। জনতা উন্নয়ন পার্টির মুর্শিদাবাদ জেলা কনভেনর মনিরুল ইসলাম বলেন, 'তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের যন্ত্রণার জায়গা হবে মুর্শিদাবাদ।'

'দিদিকে বলো'তে ফোনে অপমান, আরামবাগে অস্থায়ী কর্মীদের ধরনা

নিজস্ব প্রতিবেদন, আরামবাগ: ২০ মাস বেতন মেলেনি অস্থায়ী কর্মীদের। বাধ্য হয়ে 'দিদিকে বলো'তে ফোন। আর 'দিদিকে বলো'তে ফোন করায় জাত তুলে কাজ থেকে ঘাড় ধাক্কা অস্থায়ী মহিলা কর্মীদের। এমনই অভিযোগ আরামবাগে। প্রতিবাদে পিডব্লিউডি (রোডস) অফিসের সামনে ধরনা অস্থায়ী কর্মীদের। দুই অস্থায়ী কর্মীর নাম বাসন্তী হেলা ও রুমা হেলা। কাজের দাবিতে কান্নায় ভেঙে পড়েন তাঁরা। পিডব্লিউডি-র অফিসে অস্থায়ী দুই কর্মীর প্রায় ২০ মাস বেতন মেলেনি। বারবার আধিকারিকদের কাছে আবেদন জানিয়েও ফল হয়নি। বাধ্য হয়ে পারিশ্রমিক মেলার আশায় 'দিদিকে বলো'র ফোন নম্বরে ফোন করেন ওই দুই অস্থায়ী কর্মী। সেই খবর আধিকারিকের কাছে পৌঁছতে গত বৃহস্পতিবার দুই অস্থায়ী কর্মীকে আরামবাগ পিডব্লিউডি অফিসের আধিকারিক মনজুর হোসেন বিকালে ডেকেপাঠান বলে অভিযোগ। সেখানে তাঁদের জানতে চাওয়া হয় 'কেন দিদিকে বলোতে ফোন করে জানানো হয়েছে?' অস্থায়ী কর্মীদের সঙ্গে আধিকারিকের বাক-বিতন্ডা চলার মাঝেই অস্থায়ী কর্মীদের জাত তুলে গালি দেওয়া হয় বলে অভিযোগ এবং অফিস থেকে ঘাড়ধাক্কা দিয়ে বের করে দেওয়া হয়। শুক্রবার ওই দুই অস্থায়ী কর্মীকে অফিসের গেটের ভেতর ঢুকতে দেওয়া হয়নি। তাই বাধ্য হয়ে সোমবার থেকেই তাঁরা পিডব্লিউ ডি অফিসের গেটের সামনে হাতে পোস্টার নিয়ে অবস্থান-বিক্ষোভে বসেছেন। ওই দুই মহিলা অস্থায়ী কর্মী সাংবাদিকদের জানান, 'বেতন না পেয়ে দিদিকে বলোতে ফোন করার পরেই আমাদের ঘাড় ধাক্কা দিয়ে বের করে দেওয়া হয় এবং জাত তুলে গালাগালি করা হয়। যদি এর প্রতিকার না হয় তাহলে গায়ে আগুন লাগিয়ে মরবো। এর জন্য দায়ি থাকবে এই অফিসের আধিকারিক ও মুখ্যমন্ত্রী।' যদিও এই বিষয়ে আরামবাগের সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকের কোনও প্রতিক্রিয়া পাওয়া যায়নি। তবে বুধবার এই খবর পেয়েই আরামবাগ পিডব্লিউডি অফিসে আধিকারিকের সঙ্গে দেখা করতে যান আরামবাগের বিজেপি বিধায়ক মধুসূদন বাগ। আধিকারিকদের সঙ্গে ও ওই দুই অস্থায়ী কর্মীদের সঙ্গে কথা বলেন তিনি। বিধায়কের সঙ্গে অস্থায়ী কর্মীরা পিডব্লিউডি অফিসের গেটের ভেতর ঢুকতে গেলে তাদেরও বার করে দেওয়া হয়। বিধায়কের দাবি, 'আশা করি আলোচনার মাধ্যমে বিষয়টি মিটে যাবে।' যদিও এই নিয়ে তৃণমূল রাজ্য সম্পাদকের দাবি, তিনি বিষয়টি কিছু জানেন না খোঁজখবর নিয়ে দেখছেন। যদি কিছু ব্যবস্থা করা যায় তা নিশ্চই আলোচনা করা হবে।

২০টি নতুন সিএনজি বাসের ভার্চুয়াল উদ্বোধন মুখ্যমন্ত্রীর

নিজস্ব প্রতিবেদন, দুর্গাপুর: দক্ষিণবঙ্গের গণ পরিবহণ ব্যবস্থাকে আরও আধুনিক ও পরিবেশবান্ধব করতে বড় পদক্ষেপ নিল রাজ্য সরকার। দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা (এসবিএসটিসি)-র ২০টি নতুন সিএনজি বাসের ভার্চুয়াল উদ্বোধন করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বুধবার বিকেলে ভার্চুয়াল মাধ্যমে এই কর্মসূচি অনুষ্ঠিত হয়। দুর্গাপুরের সিটি সেন্টারে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলার প্রশাসনিক কর্তারা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের আইন, বিচারবিভাগীয় ও শ্রমমন্ত্রী মলয় ঘটক। এছাড়াও ছিলেন পশ্চিম বর্ধমানের জেলাশাসক পন্নামবলাম এস, পাণ্ডবেশ্বরের বিধায়ক নরেন্দ্রনাথ চক্রবর্তী, আসানসোল দুর্গাপুর উন্নয়ন পর্ষদের চেয়ারম্যান কবি দত্ত, এসবিএসটিসির চেয়ারম্যান সুভাষ মণ্ডল, মহকুমা শাসক সুমন বিশ্বাস, জেলা পরিষদের সভাধিপতি বিশ্বনাথ বাউড়ি, সহকারি সভাধিপতি বিষ্ণুদেও নুনিয়া, ডেপুটি কমিশনার (পূর্ব) অভিষেক গুপ্তা, দুর্গাপুর নগর নিগমের কমিশনার আবুল কালাম আজাদ ইসলাম, প্রশাসকমণ্ডলীর ভাইস চেয়ারম্যান ধর্মেন্দ্র যাদব এবং সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাংকের চেয়ারম্যান উত্তম মুখোপাধ্যায়-সহ অনেকে। পরিবহণ সংস্থার তরফে জানানো হয়েছে, দক্ষিণবঙ্গের একাধিক গুরুত্বপূর্ণ ও ব্যাস্ত রুটে এই ২০টি সিএনজি বাস চলাচল করবে। চারটি বাস ঝাড়গ্রাম-কলকাতা, একটি পটাশপুর-করুণাময়ী, একটি আসানসোল-ঝিলিমিলি, একটি বর্ধমান-ঝাড়গ্রাম, একটি বর্ধমান-বাঁকুড়া, একটি বর্ধমান-আসানসোল, চারটি বেলঘরিয়া (করুণাময়ী)- আসানসোল, একটি বেলঘরিয়া (করুণাময়ী)-বাঁকুড়া, পাঁচটি বেলঘরিয়া-দিঘা এবং একটি বেলঘরিয়া-টাকি রুটে চলবে। মোট ১০টি রুটে এই ২০টি বাস পরিষেবা দেবে।

জৌগ্রামে পথশ্রীর নতুন রাস্তার উদ্বোধন

নিজস্ব প্রতিবেদন, জামালপুর: রাজনীতির ময়দানে কাদা ছোঁড়াছুড়ি নয়, বরং উন্নয়নের মাধ্যমেই বিরোধীদের জবাব দিতে চায় শাসকদল। মঙ্গলবার জৌগ্রামে পথশ্রী প্রকল্পের সরকারি সাইনবোর্ডে বিজেপির পোস্টার লাগানোকে কেন্দ্র করে যে তীব্র রাজনৈতিক উত্তেজনা তৈরি হয়েছিল,বুধবার তার ২৪ ঘণ্টা কাটতে না কাটতেই নতুন প্রকল্পের সূচনা করে তৃণমূল কংগ্রেস। মঙ্গলবার জামালপুরের জৌগ্রামে 'পথশ্রী' প্রকল্পের সরকারি বিজ্ঞাপনের ওপর বিজেপির পোস্টার দেখা যায়। এই ঘটনাকে কেন্দ্র করে তৃণমূল ও বিজেপির মধ্যে চরম বাদানুবাদ শুরু হয়। তৃণমূলের পক্ষ থেকে একে সরকারি প্রকল্পের অবমাননা বলে দাবি করা হয়, অন্যদিকে বিজেপি সেই অভিযোগ অস্বীকার করে। জেলাজুড়ে এই নিয়ে যখন চর্চা তুঙ্গে, ঠিক তখনই জাড়গ্রাম অঞ্চলে নতুন রাস্তার কাজ শুরু করে রাজনৈতিকভাবে অত্যন্ত তাৎপর্যপূর্ণ বার্তা দিল শাসকদল।

হুগলিতে যুবসাথী প্রকল্পে শিক্ষিত ছেলেমেয়েদের ফর্ম জমার হিড়িক

নিজস্ব প্রতিবেদন, উত্তরপাড়া: মুখ্যমন্ত্রীর যুবসাথী প্রকল্প ঘোষণা পর থেকেই চলছে ফর্ম জমা নেওয়ার কাজ। ফর্ম জমা দেওয়ার শেষ দিন ২৬ ফেব্রুয়ারি বৃহস্পতিবার। এরইমধ্যে হুগলি জেলা জুড়ে বেকার ছেলেমেয়েদের প্রতিটি বিধানসভা জুড়ে ফর্ম জমার সেন্টারে ব্যাপক ভিড় দেখা গেল। লাইনে দাঁড়িয়ে আছেন কেউ মাধ্যমিক পাশ, কেউ উচ্চ মাধ্যমিক তো কেউ গ্র্যাজুয়েট। আবার এমএ ডিগ্রি, বিটেক ইঞ্জিনিয়ারিং করেও বেকার ভাতার লাইনে দাঁড়িয়ে দেখা গিয়েছে শিক্ষিত বেকারদের। এরকমই একটি সেন্টার হুগলির উত্তরপাড়ার জয়কৃষ্ণ লাইব্রেরি। বেশকিছু শিক্ষিত বেকার যুবক-যুবতীরা জানালেন, 'মুখ্যমন্ত্রীকে আমরা ধন্যবাদ জানাচ্ছি, তিনি আমাদের জন্য একটা কিছু ভেবেছেন। আরো ভালো লাগতো যদি পশ্চিমবঙ্গে একের পর এক সরকারি চাকরিতে নিয়োগ হতো স্বচ্ছভাবে। আমরা সেটাই আশা করেছিলাম।' এই প্রসঙ্গে উত্তরপাড়া পুরসভার চেয়ারম্যান দিলীপ যাদব জানান, 'মুখ্যমন্ত্রীর ঘোষণা মতো যুবসাথীর ফর্ম জমা দিচ্ছে যে সমস্ত ছেলেমেয়েরা সবাই এটা পাবে, চিন্তার কোনও কারণ নেই।' কোনও কোনও জায়গায় অভিযোগ উঠেছে ঠিকমতো রশিদ দেওয়া হচ্ছে না। এই প্রসঙ্গে চেয়ারম্যান জানান, 'বাংলায় কোথাও দেওয়া হচ্ছে না। কোনও চিন্তার কারণ নেই।' একই কথা জানালেন উত্তরপাড়া পুরসভার ১৬ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর ডলি ঘোষ যাদবও।

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank ইলাহাবাদ ALLAHABAD

জোনাল অফিস : কলকাতা দক্ষিণ
১৪ ইন্ডিয়া এক্সচেঞ্জ প্লেস, ৪র্থ তল
কলকাতা - ৭০০০০১

স্থাবর সম্পত্তি বিক্রয় নিমিত্ত বিক্রয় বিজ্ঞপ্তি

পরিশিষ্ট ৪এ, রুল ৮(৬) এবং ৯(১) সংস্থান দ্রষ্টব্য

ই-নিলাম বিক্রয় নোটিশ স্থাবর/অস্থাবর সম্পদের জন্য ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অব ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্টর অব সিকিউরিটি ইন্টারেস্ট আইন এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮(৬) এবং ৯(১) সংস্থান অধীনে

এতদ্বারা জনসাধারণকে এবং বিশেষ করে ঋণগ্রহীতা এবং জামিনদারদের কাছে বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, সুরক্ষিত পাওনাদারের কাছে বন্ধক দেওয়া/চার্জ করা নিম্নোক্ত স্থাবর সম্পত্তি, যার **প্রতীকী দখল ইন্ডিয়ান ব্যাংক, গার্ডেন রিচ শাখা (সুরক্ষিত পাওনাদার)** অনুমোদিত কর্মকর্তা কর্তৃক **১৬.০৩.২০২৬ তারিখে "যেখানে যেমন আছে", "যেখানে যা আছে" এবং "যেমন অবস্থায় আছে"** ভিত্তিতে বিক্রি করা হবে, **৩৯,০২,০৪২.০০ টাকা** (উনচল্লিশ লাখ দুই হাজার বিয়াল্লিশ টাকা) **২৯.১২.২০২২ অনুযায়ী** পরবর্তী সুদ, ব্যয়, অন্যান্য চার্জ এবং খরচ সহ **ইন্ডিয়ান ব্যাংক, গার্ডেন রিচ শাখা (সুরক্ষিত পাওনাদার) মেসার্স ৩এ গার্মেন্টস (ঋণগ্রহীতা) স্বত্বাধিকারী : শেখ আলতাফ হোসেন,** বোগা নোয়াপাড়া রোড, মহেশতলা এম, বারিয়া, ডায়মন্ড হারবার ১, কলকাতা - ৭০০১৪১ কাছ থেকে আদায় করা হবে।

ই-নিলাম মোডের মাধ্যমে বিক্রয়ের জন্য আনার উদ্দেশ্যে সম্পত্তির সুনির্দিষ্ট বিবরণ নীচে তালিকাভুক্ত করা হল

ক্রম নং.	ক) অ্যাকাউন্ট/ঋণগ্রহীতার নাম খ) শাখার নাম	স্থাবর সম্পত্তির বিস্তারিত	জামিন অধীনে ঋণদাতার নিকট বকেয়া পরিমাণ	ক) সংরক্ষিত মূল্য খ) ইএমডি পরিমাণ গ) ডাক বর্ধিতকরণ পরিমাণ ঘ) সম্পত্তির আইডি ঙ) সম্পত্তির দায়বদ্ধতা চ) দখলের ধরন
১	ক) ১. মেসার্স ৩এ গার্মেন্টস (ঋণগ্রহীতা) স্বত্বা : শেখ আলতাফ হোসেন বোগা নোয়াপাড়া রোড, মহেশতলা এম, বারিয়া, ডায়মন্ড হারবার-১ কলকাতা- ৭০০১৪১, ২. শেখ আলতাফ হোসেন (ঋণগ্রহীতা/বন্ধকদাতা/জামিনদাতা) বোগা নোয়াপাড়া রোড, মহেশতলা এম, বারিয়া, ডায়মন্ড হারবার-১ কলকাতা- ৭০০১৪১, ৩. শ্রী শেখ আশিক ইকবাল (জামিনদাতা), বোগা নোয়াপাড়া রোড, মহেশতলা এম, বারিয়া, ডায়মন্ড হারবার-১ কলকাতা- ৭০০১৪১, খ) গার্ডেনরিচ শাখা	সংশ্লিষ্ট সকল অংশ জমি এবং তদস্থিত তিনতলা বাণিজ্যিক ভবন অবস্থিত পরিমাপ আনুমানিক কমবেশি ৪৫০০ বর্গফুট নির্মিত জমির পরিমাপ আনুমানিক কমবেশি ২ কাঠা ৮ ছটাক, অবস্থিত মৌজা- নোয়াপাড়া গ্রাম, পরগনা- মাগুরা, জেএল নং ৬, তৌজি নং ৬৭, আরএস নং ৫৬১, আরএস খতিয়ান নং ১৪২, আরএস দাগ নং ৬৫৫, হোল্ডিং নং সি৪-১৫৪/এ/নিউ, বোগা নোয়াপাড়া রোড, ওয়ার্ড নং ২১ মহেশতলা পুরসভা অধীন, থানা মহেশতলা, জেলা দক্ষিণ ২৪ পরগনা, উল্লেখ্য দান দলিল নং ০৬৯৭৫ তারিখ : ২৭.০৬.২০১৪ নথিভুক্ত বুক নং ১, সিডি ভল্যুম নং ১০, পৃষ্ঠা ৪১২ থেকে ৪২২, রেজিস্ট্রিকৃত অফিস ডিএসআর-২, আলিপুর, ২০১৪ সালের, **সম্পত্তি শেখ আলতাফ হোসেন এর নামে। চৌহদ্দি :** উত্তরে ৫ ফুট চওড়া সাধারণ চলার পথ। দক্ষিণে : আশিক ইকবাল, পূর্বে : ৪ ফুট চওড়া সাধারণ চলার পথ। পশ্চিমে : মোজাস্সর নাজর।	৩৯,০২,০৪২.০০ টাকা (উনচল্লিশ লাখ দুই হাজার বিয়াল্লিশ টাকা) ২৯.১২.২০২২ অনুযায়ী পরবর্তী সুদ, ব্যয় এবং অন্যান্য চার্জ সহ	ক) ৪৮,৭০,০০০.০০ টাকা (*) (আটচল্লিশ লাখ সত্তর হাজার টাকা) খ) ৪,৮৭,০০০.০০ টাকা (চার লাখ সাতাশি হাজার টাকা) ই-নিলামের তারিখ এবং সময়ে বা তার আগে পোর্টালে জমা করতে হবে গ) ১০,০০০.০০ টাকা (দশ হাজার টাকা) ঘ) IDIB50521399431 ঙ) অনুমোদিত অফিসারের জ্ঞানমতে সম্পত্তির কোনও দায়বদ্ধতা নেই চ) প্রতীকী দখলীকৃত

যোগাযোগের বিস্তারিত : ৭০০৩৩ ১৫২২৩

(*) বিক্রয় মূল্য সংরক্ষিত মূল্যের অধিক হতে হবে

পর্যবেক্ষণের তারিখ : ০২.০৩.২০২৬ থেকে ১৩.০৩.২০২৬ সময় : সকাল ১০টা থেকে বিকেল ৪টে পর্যন্ত
ই-নিলামের তারিখ এবং সময় : তারিখ : ১৬.০৩.২০২৬, সময় - সকাল ১১টা থেকে বিকেল ৪টে পর্যন্ত
ই-অকশন পরিষেবা প্রদানকারীর প্ল্যাটফর্ম https://baanknet.com

অনলাইন বিডে অংশগ্রহণের জন্য দরদাতাদের আমাদের ই-নিলাম পরিষেবা প্রদানকারী PSB Alliance Pvt. Ltd এর ওয়েবসাইট (https://baanknet.com) দেখার পরামর্শ দেওয়া হচ্ছে। কারিগরি সহায়তার জন্য অনুগ্রহ করে PSB Alliance Pvt. Ltd এর হেল্পডেস্ক নং ৮২৯১২ ২০২২০, ইমেল আইডি support.BAANKNET@psballiance.com এবং পরিষেবা প্রদানকারী হেল্পডেস্কে উপলব্ধ অন্যান্য হেল্প লাইন নম্বরে কল করুন। নিবন্ধন স্থিতি এবং ইএমডি স্থিতির জন্য, অনুগ্রহ করে support.BAANKNET@psballiance.com এ ইমেল করুন।
সম্পত্তির বিবরণ এবং সম্পত্তির ছবি এবং নিলামের শর্তাবলীর জন্য অনুগ্রহ করে https//baanknet.com দেখুন এবং এই পোর্টাল সম্পর্কিত স্পষ্টীকরণের জন্য, অনুগ্রহ করে হেল্পডেস্ক নং ৮২৯১২ ২০২২০ এ যোগাযোগ করুন।
https://baanknet.com ওয়েবসাইটে সম্পত্তি অনুসন্ধান করার সময় দরদাতাদের উপরে উল্লিখিত সম্পত্তি আইডি নম্বর ব্যবহার করার পরামর্শ দেওয়া হচ্ছে।

দ্রষ্টব্য : সংশ্লিষ্ট এই নোটিশ ঋণগ্রহীতা(গণ)/জামিনদাতা(গণ)/বন্ধকদাতা(গণ)-এর উদ্দেশ্যেও

তারিখ -২৪.০২.২০২৬
স্থান- কলকাতা

অনুমোদিত অফিসার
ইন্ডিয়ান ব্যাঙ্ক

SBI

স্ট্রেসড অ্যাসেটস রিকভারি ব্রাঞ্চ, দক্ষিণবঙ্গ
জীবন দীপ বিল্ডিং, ৩য় তল, ১, মিডলন স্ট্রীট, কলকাতা-৭০০ ০৭১ ফোন- (০৩৩) ২২৮৮-৪৪৩৭, ফ্যাক্স: (০৩৩) ২২৮৮- ৪৩০২, ই-মেইল: sbi.15196@sbi.co.in

সারফেইসি এক্ট, ২০০২ -এর সেকশন ১৩(২) অধীন বিজ্ঞপ্তি

এতদ্বারা নোটিশ দেওয়া হল যে নিম্নলিখিত ঋণগ্রহীতা- শ্রী রজতশু ভ্র চৌধুরী ব্যাংক থেকে তাঁর প্রাপ্ত ঋণ সুবিধার মূল এবং সুদ পরিশোধে খেলাপি হয়েছেন এবং ঋণটি নন-পারফর্মিং অ্যাসেট (এনপিএ) হিসাবে শ্রেণীবদ্ধ করা হয়েছে। তাঁর সর্বশেষ পরিচিত ঠিকানায় সিকিউরিটাইজেশন অ্যান্ড রি-কনস্ট্রাকশন অফ ফাইন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড ইনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট ২০০২-এর সেকশন ১৩(২) এর অধীনে তাঁকে নোটিশ জারি করা হয়েছিল, কিন্তু তা প্রাপ্তি স্বীকার না হয়ে ফেরত এসেছে এবং সেই হেতু তাঁদের এতদ্বারা এই গণবিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হচ্ছে।

ক্র. নং.	ঋণগ্রহীতা(গণ) /ডিরেক্টর ও জামিনদারগণ নাম সহ ঠিকানা/শাখা	সম্পত্তির বিবরণ / সুরক্ষিত সম্পদের ঠিকানা যা বলবৎ করা হবে	বিজ্ঞপ্তির তারিখ	এনপিএ এর তারিখ	বকেয়া পরিমান (বিজ্ঞপ্তির তারিখ অনুযায়ী)
১.	ঋণগ্রহীতা: **শ্রী রজত শুভ্র চৌধুরী,** পিতা- তারক নাথ চৌধুরী **শ্রীমতী পৃথা চৌধুরী (সহ-ঋণগ্রহীতা) উভয়ের ঠিকানা:** ঘোষ পাড়া রোড, মাণিকতলা, উত্তর ব্যারাকপুর (পৌরসভা), ইছাপুর নবাবগঞ্জ, উত্তর ২৪ পরগণা - ৭৪৩১৪৪। **এছাড়াও-** ফ্ল্যাট নং- এ, ৪র্থ ফ্লোর, 'সুশ্রী আবাসন', পশ্চিম ঘোষ পাড়া রোড, থানা- নোয়াপাড়া, উত্তর ২৪ পরগণা- ৭৪৩১৪৪। **শাখার নাম:** বেলিলিয়াস রোড শাখা (০৩৪১২) **লোন অ্যাকাউন্ট নং- ৩৯১৪০৬৫৫৭৪৩ (এইচবিএল), ৩৯১৪০৫৭৪৩২৯ (সুরক্ষা), ৪১৬০২৪৯২৩৯১ (ইনস্টা হাউস - টপ আপ লোন)**	**তফসিল 'সি' অংশ-২ (স্থাবর সম্পত্তির ন্যায়সঙ্গত বন্ধক)** উত্তর ২৪ পরগণা জেলার ব্যারাকপুর এ.ডি.এস.আর.ও.-এর অধীন এবং নোয়াপাড়া থানার অন্তর্গত মৌজা- নোয়াপাড়া, জে.এল. নং ২, তৌজি নং ২৪৬০-২৪৬১, আর.এস. দাগ নং ৬১২ সংলিষ্ট এল.আর. দাগ নং ২৮২৬ এবং আর.এস. খতিয়ান নং ৪৬২ সংলিষ্ট এল.আর. খতিয়ান নং ৭১১৭ -এ অবস্থিত মোট ১১ (এগারো) কাঠা ৪ (চার) ছটাক ১১ (এগারো) বর্গফুট জমির অন্তর্ভূক্ত 'সুশ্রী আবাসন' নামক বহুতল ভবনের চতুর্থ ফ্লোরে অবস্থিত 'এ' নং চিহ্নিত ফ্ল্যাট সম্বলিত সম্পত্তির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল। উক্ত ফ্ল্যাটটি সুপার বিল্ট আপ এরিয়া সহ কমবেশি ৭৫৮ বর্গফুট পরিমাপের এবং এতে ২টি শোবার ঘর, ১টি ড্রয়িং কাম ডাইনিং রুম, ১টি রান্নাঘর/ডাইনিং, ১টি টয়লেট, ১টি ডাব্লিউ.সি এবং ১টি বারান্দা সহ জমির অবিভক্ত আনুপাতিক অংশ বিদ্যমান। এটি উত্তর ব্যারাকপুর পৌরসভার ৪ নং ওয়ার্ডের হোল্ডিং নং ১৪৬২-এর অন্তর্ভূক্ত যা সমস্ত সাধারণ সুযোগ-সুবিধা ব্যবহারের অধিকার সহ। **সম্পত্তির চতুঃসীমা হলো-** উত্তরে- খোলা আকাশ, দক্ষিণে- অন্য ফ্ল্যাট এবং সিঁড়ি, পূর্বে- খোলা আকাশ, পশ্চিমে- অন্য ফ্ল্যাট এবং লিফট। **উক্ত সম্পত্তিটি শ্রী রজত শুভ্র চৌধুরী এবং শ্রীমতী পৃথা চৌধুরীর নামে ২০২০ সালের ১৫০৫০০৭২১ নম্বর দলিল** মূলে নিবন্ধিত, যা পশ্চিমবঙ্গ ব্যারাকপুর এ.ডি.এস.আর. অফিসে বুক-১, ভলিউম নং ১৫০৫-২০২০, পৃষ্ঠা ২৮২৪৭ থেকে ২৮২৭৯-এ নথিবদ্ধ।	১১.০২.২০২৬	১৫.০৪.২০২৫	২৩,১৯,৭৯৮.৪৭ টাকা (তেইশ লক্ষ উনিশ হাজার সাতশ আটানব্বই টাকা এবং সাতচল্লিশ পয়সা মাত্র) ১১.০২.২০২৬ তারিখ অনুযায়ী এবং এর সাথে হালনাগাদ অর্জিত সুদ যুক্ত হবে। আপনি আনুষঙ্গিক ব্যয়, খরচ, চার্জ ইত্যাদির সাথে উল্লিখিত পরিমাণের ওপর চুক্তিবদ্ধ হারে ভবিষ্যতের সুদ প্রদান করতেও দায়বদ্ধ।

নোটিশের বিকল্প পরিষেবার জন্য পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। উপরে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ) এবং/অথবা তাঁদের ব্যক্তিগত ও কর্পোরেট গ্যারান্টার(গণ)-কে (যখন প্রযোজ্য) এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে বকেয়া অর্থ পরিশোধ করার জন্য এতদ্বারা আহ্বান জানানো হচ্ছে, অন্যথায় এই বিজ্ঞপ্তির তারিখ থেকে ৬০ দিন অতিবাহিত হওয়ার পর 'সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২'-এর ১৩ ধারার উপ-ধারা (৪) এর অধীনে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে।

ঋণগ্রহীতার দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে অ্যাক্টের সেকশন ১৩-র সাব-সেকশন (৮) -এর বন্দোবস্তে, প্রাপ্তব্য সময়ের ব্যাপারে, সুরক্ষিত পরিসম্পতের দায়মুক্ত হতে।

বিঃ দ্রঃ- আমরা এর মাধ্যমে 'সারফেসি অ্যাক্ট', ২০০২-এর অধীনে আপনাকে ইতিপূর্বে দেওয়া সমস্ত নোটিশ (যদি থাকে) বাতিল এবং/অথবা প্রত্যাহার করছি; তবে এই পদক্ষেপ উক্ত আইন ও তৎসংক্রান্ত বিধিমালার প্রাসঙ্গিক বিধানের অধীনে আমাদের প্রাপ্য অধিকার এবং প্রতিকারের কোনো ক্ষতি না করেই নেওয়া হয়েছে।

তারিখ: ২৬.০২.২০২৬
স্থান: কলকাতা

অনুমোদিত অফিসার
এসএআরবি সাউথ বেঙ্গল

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank ইলাহাবাদ ALLAHABAD

ইন্ডিয়ান ব্যাঙ্ক
জোনাল অফিস চুঁচুড়া,
৩য় তল, সেনকো বিল্ডিং, বালি মোড়, ব্যান্ডেল,পোস্ট ও জেলা- হুগলী, পিন-৭১২১০৩,
ফোন: (০৩৩)২৬৮০ ২৯৯০, ই-মেইল: zochinsurah@indianbank.co.in

"পরিশিষ্ট-৪-এ" [অনুবিধি রুল ৮(৬) দেখুন] স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২ -এর রুল ৮(৬) -এর সঙ্গে পঠিত সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ এর অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রয়-এর জন্য ই-অকশন বিজ্ঞপ্তি।

সাধারণভাবে জনসাধারণকে এবং বিশেষভাবে ঋণগ্রহীতা(গণ) এবং জামিনদার(গণ)কে এতদ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, সুরক্ষিত ঋণদাতার কাছে নিচে বর্ণিত বন্ধকীকৃত/ ধার্যকৃত স্থাবর সম্পত্তি যার দখল নিয়েছেন ইন্ডিয়ান ব্যাঙ্ক-এর অনুমোদিত আধিকারিক, যা বিক্রি হবে **"যেখানে যেমন আছে", "সেখানে যা আছে"**, এবং **"সেখানে যা কিছু আছে"** ভিত্তিতে, আগামী **৩০.০৩.২০২৬ তারিখে, সকাল ১০.০০ টা** থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত বকেয়া টাকা পুনরুদ্ধারের জন্য যা নিচে উল্লিখিত প্রতিটি অ্যাকাউন্টের সাপেক্ষে, নিম্নে বর্ণিত